বিকেএমইএঃ ৭০০/জারারো/সিবিএমএস/২০২৫/৬৮২৭
নভেম্বর ০৯, ২০২৫

# সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয় ঃ Bond Automation System UP Module এর মাধ্যমে সেবা গ্রহনের ক্ষেত্রে সুনির্দিষ্ট কোন সমস্যা কিংবা প্রস্তাব থাকলে তা বিকেএমইএ'র নিকট লিখিত আকারে প্রেরণ প্রসঙ্গে।**

আপনার অবগতির জন্য জানানো যে, কাস্টমস্ বন্ড কমিশনারেটের কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং দূর্নীতি ও অপব্যবহার রোধ কল্পে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক Customs Bond Management System (CBMS) সফটওয়্যার সম্পূর্নভাবে (অনলাইনে) কার্যকর রয়েছে। এমতাবস্থায় Bond Automation System UP Module এ কাজ করতে গিয়ে সুনির্দিষ্ট কোন সমস্যা কিংবা মতামত থাকলে তা আগামী ১২ নভেম্বর ২০২৫ইং তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে info@bkmea.com ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি।

উল্লেখ্য যে, আগামী ১৬/১১/২০২৫ইং তারিখ বিকাল ৩:০০ টায় জাতীয় রাজস্ব বোর্ডের মাল্টিপারপাস হলরুমে এ সংক্রান্ত একটি অংশিজন সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনার সমস্যাগুলো উপস্থাপন করা হবে। প্রয়োজনে উক্ত সভায় উপস্থিত থেকে আপনার বিদ্যমান সমস্যাগুলো তুলে ধরতে পারেন কিংবা বিকেএমইএ'র উপরোক্ত ইমেইলে প্রেরণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

উল্লেখিত বিষয়টি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

মোঃ মাহবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত সভার কপি।

**Head Office :** BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.
**Phone :** +880 2 224437646, E-mail : info@bkmea.com
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
**Phone :** +880 2 223362257, E-mail : info@bkmea.com
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.
**Phone :** +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bbts.net
**Log on :** www.bkmea.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০১৩.২৫.৮৩২

তারিখঃ ২০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ 'Bond Automation System UP Module" সংক্রান্ত "মিট দ্যা বিজনেস" তৃতীয় অংশীজন সভা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), Bangladesh Knitwear Manufacturers & Exporters Association (BKMEA), Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA) ও Bangladesh Textile Mills Association (BTMA) এর প্রতিনিধি দলের সাথে 'Bond Automation System UP Module' সংক্রান্ত 'মিট দ্যা বিজনেস' তৃতীয় অংশীজন সভা আগামী ১৬/১১/২০২৫ খ্রিঃ তারিখ রবিবার বিকাল ৩:০০ টায় জাতীয় রাজস্ব বোর্ডের মাল্টিপারপাস হলরুমে (কক্ষ নং-৩০১) অনুষ্ঠিত হবে। জাতীয় রাজস্ব বোর্ডের সকল সদস্য উক্ত সভায় উপস্থিত থাকবেন।

০২। এ বিষয়ে সুনির্দিষ্ট জিজ্ঞাসা/প্রস্তাব আগামী ১২/১১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ই-মেইল (email: nbrstakeholder@yahoo.com) এ প্রেরণসহ এবং উক্ত সভায় উপস্থিত থাকার জন্য BGMEA, BKMEA, BGAPMEA ও BTMA এর সংশ্লিষ্ট সদস্যগণদের অনুরোধ করা হলো।

০৫/১১/২০২৫

(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
(ছুটি প্রতিস্থাপক)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
email:nbrstakeholder@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে মিটিং চলাকালীন সময়ে প্রয়োজনীয় সংখ্যক প্রজেক্টর স্থাপন ও অন্যান্য কারিগরি সহায়তার জন্য অনুরোধ করা হলো)।
০৫. প্রেসিডেন্ট/ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট/ সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট (সকল)/মেম্বারশীপ প্রাপ্ত সকল সদস্যবৃন্দ, Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA)।
০৬. প্রেসিডেন্ট/ এক্সিকিউটিভ প্রেসিডেন্ট/সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ ভাইস প্রেসিডেন্ট (সকল)/ পরিচালক (সকল)/মেম্বারশীপ প্রাপ্ত সকল সদস্যবৃন্দ, Bangladesh Knitwear Manufacturers & Exporters Association (BKMEA)।
০৭. প্রেসিডেন্ট/ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট/সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট/ ভাইস সকল (সকল)/পরিচালক (সকল)/মেম্বারশীপ প্রাপ্ত সকল সদস্যবৃন্দ, Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA)।
০৮. প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট (সকল)/পরিচালক (সকল)/মেম্বারশীপ প্রাপ্ত সকল সদস্যবৃন্দ, Bangladesh Textile Mills Association (BTMA)।